তারিখ ১৮/১০/৯৫
পৃষ্ঠা ২ কলাম ৬

76

# দৈনিক ইত্তেফাক

## পরীক্ষার ফল প্রকাশের তিন মাস পর-.

পাবনা সংবাদদাতা ॥ পাবনা ক্যাডেট কলেজের কৃতী ছাত্র এ,এস,এম মুস্তাফিজুল হককে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ চলতি বছরের এস,এস,সি পরী-

(২য় পৃ: ৬-এর ক: দ্র:)

## পরীক্ষার ফল প্রকাশের

(১ম পৃ: পর)

ক্ষার ফল প্রাকশের তিন মাস অতিবাহিত হওয়ার কয়েকদিন পূর্বে বিজ্ঞান বিভাগে চতুর্থ স্থান অধিকার করিয়াছে বলিয়া ঘোষণা করিয়াছেন, তাহার রোল নং পাব ক্যাডেট-১২৪৩২৪। বিগত ৯ই আগষ্ট তারিখে চলতি বছরের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হইলে উক্ত পরীক্ষার্থীকে প্রথম বিভাগে উত্তীর্ণ বলিয়া ঘোষণা করা হইলেও মেধা তালিকায় তাহার কোন স্থান ছিল না। লেখাপড়ায় বিশেষ কৃতিত্বের অধিকারী গুস্তাফিজ প্রকাশিত ফলে সন্তুষ্ট না হইয়া বোর্ড কর্তৃপক্ষের নিকট চ্যালেঞ্জ করে। কর্তৃপক্ষ তদন্ত করিয়া দেখেন যে উক্ত পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরে ৩০ কম দেখানো হইয়াছে। উহা কম্পিউটার বিভ্রাটের ফলে হইয়াছে বলিয়া বোর্ড অফিস হইতে জানানো হইয়াছে। বর্তমানে তাহার প্রাপ্ত মোট নম্বর দাঁড়াইয়াছে ৮৮৭। এ এস এম মুস্তাফিজুল হক ময়মনসিংহের আইন ব্যবসায়ী নূরুল হক ও মিসেস মাহমুদা হকের পুত্র। পাবনা ক্যাডেট কলেজের অধ্যক্ষ আবুল আশরাফ নূর উক্ত পরীক্ষার্থীর সংশোধিত ফলাফল টেলিফোনে তাহার পিতা-মাতাকে জানাইলে তাঁহারা আনন্দে বাকশক্তি হারাইয়া ফেলেন এবং সন্তানের জন্য সকলের দোয়া প্রার্থনা করেন।